



বাটফলে সনদ জাল করে সরকারী স্কুলের প্রধান শিক্ষক!

প্রকাশিত: ২৭ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, বাটফল, পটুয়াখালী, ২৬ অক্টোবর || বাটফল উপজেলার নয়াহাট ভিডিসি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ সাহানুর হোসেন জাল শিক্ষা সনদ দিয়ে প্রধান শিক্ষক পদে চাকরি করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ করা হয়েছে।

অভিযোগে জানা গেছে, একসময় নয়াহাট ভিডিসি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় মোহাম্মদ সাহানুর হোসেন প্রধান শিক্ষক পদে চাকরি নেন। সরকার সকল রেজিস্টার্ড প্রাইমারী স্কুল সরকারীকরণের পর, শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্র অনুযায়ী মোহাম্মদ সাহানুর হোসেন প্রধান শিক্ষক পদে চাকরি করার যোগ্যতা হারান। কারণ ওই পরিপত্র অনুযায়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে চাকরি করতে হলে শিক্ষা সনদের যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। কিন্তু মোহাম্মদ সাহানুর হোসেনের কোন শিক্ষা সনদে দ্বিতীয় বিভাগ নেই। তিনি ১৯৭৮ সালে নওমালা মাধ্যমিক বিদ্যালয় থেকে মানবিক শাখায় তৃতীয় বিভাগ এবং ১৯৮০ সালে বাটফল কলেজের মানবিক শাখা থেকে তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন।

এই সনদ দিয়েই তখন তিনি নয়াহাট ভিডিসি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে চাকরি নেন। এরপর সরকারী পরিপত্র অনুযায়ী প্রধান শিক্ষক পদে চাকরি টিকিয়ে রাখতে তিনি তার ওই দুটি শিক্ষা সনদ ঘষামাজা করে তৃতীয় বিভাগের স্কুলে দ্বিতীয় বিভাগ সৃজন করে প্রধান শিক্ষক পদে বহাল থেকে বেতন-ভাতাসহ সুবিধা ভোগ করে আসছেন। আবুল কালাম নামের ওই বিদ্যালয়ের এক শিক্ষার্থীর অভিভাবক এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করলে বিষয়টি ফাঁস হয়ে যায়। বেকায়দায় পড়েন তিনি। প্রধান শিক্ষক মোহাম্মদ সাহানুর হোসেন বলেন, আমি কোন জাল সনদ দিয়ে পদোন্নতি নেইনি। বাটফল উপজেলা শিক্ষা কর্মকর্তা রিয়াজুল ইসলাম বলেন, একটি লিখিত অভিযোগ পেয়েছি। ওই প্রধান শিক্ষককে তার মূল সনদ জমা দিতে বলা হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকর্ত্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ত্ত ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্কাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

